





আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৪

স্মরণিকা

প্রকাশক

বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট
জাতীয় রাজস্ব বোর্ড

সম্পাদনা পরিষদ

আত্মায়ক: মুহম্মদ জাকির হোসেন

কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সদস্য: মোহাম্মদ আকবর হোসেন

কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা

ড. আবু নূর রাশেদ আহমেদ

কমিশনার (চঃ দাঃ), কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা

সদস্য সচিব: এইচ এম শরিফুল হাসান

যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

ডিজাইন: ফজর এডভারটাইজিং

০১৭৯৮৩৬৭৭৭৭

মুদ্রণ: লাবনী প্রিন্টার্স

০১৭৩৫৮৭৫৭২৮

প্রকাশকাল: ২৬ জানুয়ারি ২০২৪



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১২ মাঘ ১৪৩০
২৬ জানুয়ারি ২০২৪

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক 'আন্তর্জাতিক কাস্টমস দিবস- ২০২৪' পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ উপলক্ষে আমি বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল অংশীজনকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি ও দেশীয় শিল্প সুরক্ষায় বাংলাদেশ কাস্টমস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বিশ্বব্যাপী নানাবিধ অর্থনৈতিক সংকটের মাঝেও জাতীয় অর্থনীতির অগ্রগতি অব্যাহত রাখার লক্ষ্যে গ্লোবাল সাপ্লাই চেইন সুসংহতকরণ, স্টেইকহোল্ডারদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপন এবং জ্ঞান ও প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা নিশ্চিতকরণে বাংলাদেশ কাস্টমসের অবদান অনস্বীকার্য। বাণিজ্যের প্রসার ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে কাস্টমসসহ সকল অংশীজনের সমন্বিত প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বর্তমান প্রেক্ষাপটে এ বছরের আন্তর্জাতিক কাস্টমস দিবসের প্রতিপাদ্য 'Customs Engaging Traditional and New Partners with Purpose' (মিলে নবীন-পুরানো অংশীজন, কাস্টমস করবে লক্ষ্য অর্জন) যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা নির্মাণের পথ পরিক্রমায় ইতোমধ্যে বাংলাদেশ আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে ঈর্ষণীয় সাফল্য অর্জন করেছে। সরকারের যথাযথ রাজস্ব সংরক্ষণ, নিরাপদ বাণিজ্য নিশ্চিতকরণ এবং চোরাচালান ও অর্থপাচার প্রতিরোধে বাংলাদেশ কাস্টমস কার্যকর ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এবং সকলের সম্মিলিত প্রচেষ্টায় 'রূপকল্প ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত-সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ' গড়ে উঠবে- এ আমার প্রত্যাশা।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস- ২০২৪' উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করি।

জয় বাংলা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ সাহাবুদ্দিন



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪৩০
২৬ জানুয়ারি ২০২৪

বাণী



‘আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৪’ উপলক্ষে আমি বাংলাদেশ কাস্টমসের কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা। দিবসটির এবারের মূল প্রতিপাদ্য- “Customs Engaging Traditional and New Partners with Purpose” “মিলে নবীন-পুরনো অংশীজন, কাস্টমস করবে লক্ষ্য অর্জন”- সময়াপযোগী হয়েছে বলে আমি মনে করি।


সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন হওয়ার পর পরই শিল্প-প্রতিষ্ঠান ও কল-কারখানা জাতীয়করণের মাধ্যমে এসবের ওপর জনগণের অংশীদারিত্ব নিশ্চিত করেন। অভ্যন্তরীণ সম্পদ আহরণের মাধ্যমে আত্মনির্ভরশীলতা গঠনের পাশাপাশি অর্থনৈতিক ভিত্তি মজবুত করার লক্ষ্যে তিনি জাতীয় রাজস্ব বোর্ড গঠন করেন। ফলে দেশে রাজস্ব আদায়ের বহুমুখী খাত তৈরি হয় এবং সম্ভাবনা বৃদ্ধি পায়। ১৯৭২ সালে বাংলাদেশের মাথাপিছু আয় ছিল ৯১ মার্কিন ডলার। বঙ্গবন্ধু শেখ মুজিব মার সাড়ে তিন বছরে তা বাড়িয়ে ২৭৭ মার্কিন ডলারে উন্নীত করেন। জাতির পিতার আমলে দেশের জিডিপি প্রবৃদ্ধি ৯ শতাংশ অতিক্রম করে।

আওয়ামী লীগ ২০০৯ সাল থেকে একাধারে সরকার গঠন করে ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত, বৈষম্যহীন রাষ্ট্র ব্যবস্থা গড়ার প্রত্যয়ে এবং অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিশ্ব অর্থনীতির এই সংকটময় মুহুর্তেও দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে আমাদের সরকার সফল হয়েছে। পদ্মা সেতু, বঙ্গবন্ধু টানেল এর স্বপ্ন জয় করেছি আমরা; মেট্রো রেলের যুগে প্রবেশ করেছে দেশ। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, রামপাল বিদ্যুৎ কেন্দ্র, এলএনজি টার্মিনাল ও গ্যাস পাইপলাইন প্রকল্প, মাতারবাড়ী বিদ্যুৎ কেন্দ্র, পায়রা গভীর সমুদ্র বন্দর, বিভিন্ন মেগা প্রকল্পের কাজ অচিরেই সম্পন্ন হওয়ার মাধ্যমে ‘স্মার্ট বাংলাদেশ’ এর দিকে এগিয়ে যাচ্ছে দেশ। এসব প্রকল্প বাস্তবায়নের অক্সিজেন হলো রাজস্ব। ন্যায্যনুগভাবে রাজস্ব আহরণ করার লক্ষ্যে আধুনিক রাজস্ব নীতি প্রণয়ন, ডিজিটাল কাস্টমস সেবা, উন্নত তথ্য ভান্ডার নির্মাণ, ওয়ানস্টপ সার্ভিস প্রদান, অংশীজনদের সহিত আস্থা ও সহযোগী অংশীদারিত্ব গঠনসহ উত্তম পেশাদারিত্বের নানা উদ্যোগ বাংলাদেশ কাস্টমস কর্তৃক গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারীর ঐকান্তিক প্রচেষ্টা, পেশাগত দক্ষতা, ডিজিটাল ব্যবস্থাপনা ও যৌক্তিক সংস্কার বাস্তবায়নের মাধ্যমে অভ্যন্তরীণ রাজস্ব আদায় বৃদ্ধি, মজবুত অর্থনীতির ভিত গঠন, অপবাণিজ্য রোধ, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ অর্থায়ন প্রতিরোধ, অর্থপাচার প্রতিরোধসহ রাজস্ব প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে বলে আমি বিশ্বাস করি। বঙ্গবন্ধু শেখ মুজিবের স্বপ্নের ‘সোনার বাংলা’ গড়তে রাজস্ব সৈনিকদের ঐকান্তিক প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। এসব কার্যক্রমের ধারাবাহিকতায় আমাদের লক্ষ্য হলো ২০৪১ সালের মধ্যে ভিনশ-২০৪১ বাস্তবায়ন এবং ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ে তোলা।

আমি ‘আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৪’ এর সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


শেখ হাসিনা



মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪৩০
২৬ জানুয়ারি ২০২৪

বাণী

আজ ২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস। প্রতি বছরের ন্যায় এ বছরও World Customs Organization (WCO) এর সদস্য রাষ্ট্র হিসেবে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশও ২৬ জানুয়ারি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৪' পালন করছে জেনে আমি আনন্দিত। আজকের এই দিনে আমি বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজনদেরকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

দিবসটি উদযাপনে এ বছরের মূল প্রতিবাদ্য "Customs Engaging Traditional and New Partners with Purpose" (মিলে নবীন-পুরনো অংশীজন, কাস্টমস করবে লক্ষ্য অর্জন) একটি সমন্বিত প্রতিপাদ্য। বর্তমান বৈশ্বিক রাজনৈতিক প্রেক্ষাপটে বিশ্ব অর্থনীতি যখন নানা প্রতিকূলতার মধ্যে দিয়ে অগ্রসর হচ্ছে সে সময়ে বাংলাদেশের অর্থনীতির গতিশীলতা বজায় রাখতে বিদ্যমান ও নতুন অংশীজনদের সঙ্গে দৃঢ় সুসম্পর্ক স্থাপন, স্টেইকহোল্ডারদের সঙ্গে কার্যকর সংযোগ বৃদ্ধি, সাপ্লাই চেইন সুসংহতকরণ এবং প্রযুক্তিনির্ভর অটোমেশন ব্যবস্থাপনার মাধ্যমে উত্তম সেবা দিতে নিরলস কাজ করে যাচ্ছে বাংলাদেশ কাস্টমস। আগামী দিনের কাস্টমসকে সামনে রেখে নতুন জনবল নিয়োগ, কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধি, অত্যাধুনিক স্ক্যানার স্থাপন, এডভান্সড প্যাসেঞ্জার ইনফরমেশন (এপিআই), বন্ড ব্যবস্থার অটোমেশন, ন্যাশনাল সিংগেল উইন্ডো বাস্তবায়ন, প্রযুক্তি নির্ভর ঝুঁকি ব্যবস্থাপনা চালু, পোস্ট ক্লিয়ারেন্স অডিট জোরদারকরণ, অথোরাইজড ইকোনোমিক অপারেটর ব্যবস্থা চালুকরণ এবং ই-পেমেন্ট ও অটোমেশন ব্যবস্থার মাধ্যমে ব্যবসায়ে বহুলাংশে ব্যয় হ্রাস এবং কম সময়ে সর্বোচ্চ সেবা প্রদানে বাংলাদেশ কাস্টমস নতুন উচ্চতায় ধাবমান। অটোমেশনের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম তথা ব্যবসা সহজীকরণ, চোরাচালান প্রতিরোধ ও ব্যবসা বাস্তব পরিবেশ সৃষ্টি করে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নে কাস্টমস সর্বদা কাজ করে যাচ্ছে।

দেশের অর্থনীতির ভিত সুদৃঢ় ও শক্তিশালী করে সমৃদ্ধ রাজস্ব ভান্ডার গঠনে বাংলাদেশ কাস্টমস অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি প্রত্যাশা ব্যক্ত করছি। একইসাথে দেশের অর্থনীতিতে উন্নয়নের ধারা অব্যাহত রেখে সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়ন করে বাংলাদেশকে আত্মনির্ভরশীল ও উন্নত রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস তাদের কার্যক্রম অব্যাহত রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৪' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
জয়তু শেখ হাসিনা।

আবুল হাসান মাহমুদ আলী

(আবুল হাসান মাহমুদ আলী, এমপি)



সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৩
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
১২ মাঘ ১৪৩০
২৬ জানুয়ারি ২০২৪

বাণী

প্রতিবছরের ন্যায় এবারও ২৬ জানুয়ারি বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস পালিত হচ্ছে। বিশ্বের সকল দেশের কাস্টমস প্রশাসন তথা World Customs Organization (WCO) এর ১৮৫ টি দেশের কাস্টমস বিভাগের সাথে সম্মিলিতভাবে বাংলাদেশ কাস্টমসও আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ পালন করছে। এ উপলক্ষে বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারী, সেবাগ্রহীতা ও অংশীজনসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

কোভিড-১৯ এর কারণে বিশ্ব অর্থনীতিতে স্থবিরতা সৃষ্টি হয়। এছাড়া গত দুই বছর ধরে চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং মধ্যপ্রাচ্যের হামাস-ইসরায়েল যুদ্ধের প্রভাবে আন্তর্জাতিক পরিমন্ডলে 'সাপ্লাই চেইন' ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। ফলে, সারা বিশ্বে দ্রব্যমূল্যের অস্বাভাবিক উর্ধ্বগতি লক্ষ্যণীয়। এই বিরূপ পরিস্থিতির মধ্যেও বাংলাদেশ কাস্টমস আমদানি-রপ্তানি ব্যবস্থাপনা সচল রেখে রাজস্ব আহরণসহ বৈদেশিক বাণিজ্য, বিনিয়োগ সম্প্রসারণ, দেশীয় শিল্প সুরক্ষা ও ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। এই প্রেক্ষাপটে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন এবারের কাস্টমস দিবসের মূল প্রতিপাদ্য নির্ধারণ করেছে "Customs Engaging Traditional and New Partners with Purpose (মিলে নবীন-পুরনো অংশীজন, কাস্টমস করবে লক্ষ্য অর্জন)"। এটি অত্যন্ত সমন্বয়পযোগী হয়েছে এবং এর মাধ্যমে সুদূরপ্রসারী চিন্তা-ভাবনার বহিঃপ্রকাশ ঘটেছে বলে আমি মনে করি।

বাংলাদেশের অর্থনীতি বিশ্বে এখন একটি দ্রুতবর্ধনশীল অর্থনীতি। বঙ্গবন্ধু কন্যা ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে উপনীত হয়ে 'স্মার্ট বাংলাদেশ'ের দিকে ধাবিত হচ্ছে। ডিজিটাল বাংলাদেশের লক্ষ্যমাত্রা পূরণ করে 'স্মার্ট বাংলাদেশ' গঠনে বাংলাদেশ কাস্টমস নির্ভার সাথে কাজ করে যাচ্ছে। এর অংশ হিসেবে বাংলাদেশ কাস্টমস আমদানি-রপ্তানি পণ্যের দ্রুত শুদ্ধায়ন ও খালাসের জন্য নানা উদ্যোগ গ্রহণ করেছে। এসব উদ্যোগের মধ্যে E-payment, Data Centre Expansion, Customs Call Center & Helpdesk, Integration with BEPZA, Network Backbone Development, Customs Automation Security, Valuation Module, Central Archiving and Document Management, Agent Management System, IP Address Binding ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া, চোরাচালান প্রতিরোধ, পরিবেশ রক্ষা, ক্ষতিকর পণ্য আমদানিতে নজরদারি, বাণিজ্য বাধা দূরীকরণ, টেকসই উন্নয়নে বাংলাদেশ কাস্টমসের অবদান অপরিসীম।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর লালিত স্বপ্ন ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সকলের সহযোগিতা নিয়ে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ কাস্টমস সংশ্লিষ্ট সকল অংশীজনের সাথে সুসম্পর্ক বজায় রাখার মাধ্যমে 'স্মার্ট বাংলাদেশ' গঠনের যে স্বপ্ন তা বাস্তবায়নে আরও অবদান রাখবে বলে আমি দৃঢ়ভাবে আশা করছি।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

জয় বাংলা। বাংলাদেশ চিরজীবী হোক।

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)



সদস্য

(কান্টেমস: নিরীক্ষা, আধুনিকায়ন
ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

১২ মাঘ ১৪৩০

২৬ জানুয়ারি ২০২৪

বাণী


আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ উপলক্ষে কাস্টমস পরিবারের সদস্য হিসেবে আমি বাংলাদেশ কাস্টমসের সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। বিশ্ব কাস্টমস সংস্থার (WCO) অন্যান্য সদস্য দেশসমূহের ন্যায় ২৬ জানুয়ারি বাংলাদেশ কাস্টমস এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করছে।

বিশ্ব বাণিজ্যের টেকসই অগ্রযাত্রা নিবিঘ্নকরণে WCO নেতৃস্থানীয় ভূমিকা পালন করছে। বাংলাদেশ কাস্টমস WCO নির্দেশিত প্রটোকল অনুসরণ করে আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণে কাজ করে যাচ্ছে। রাজস্ব আহরণ এর পাশাপাশি বৈদেশিক বাণিজ্য, বিনিয়োগ বৃদ্ধি, চোরাচালান রোধ ও দেশীয় শিল্পকে সুরক্ষা প্রদান, অসম ব্যবসায়িক পরিবেশ দূরীকরণ, পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণের মাধ্যমে টেকসই উন্নয়নে বাংলাদেশ কাস্টমসের ভূমিকা অপরিসীম। এই ভূমিকা পালনকালে কাস্টমস কর্তৃপক্ষকে নবীন-পুরনো নানা অংশীজনের সাথে অংশীদারিত্বের সম্পর্ক প্রতিষ্ঠা করতে হয়। নবীন-পুরনো অংশীজনদের অংশীদারিত্বমূলক সম্পর্কের মাধ্যমে আন্তর্জাতিক পরিমন্ডলে নিজেদের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থান সুসংহত করার লক্ষ্যে WCO এবারের কাস্টমস দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে "Customs Engaging Traditional and New Partners with Purpose" অর্থাৎ "মিলে নবীন-পুরনো অংশীজন, কাস্টমস করবে লক্ষ্য অর্জন"। বর্তমান বৈশ্বিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সংকট মোকাবেলায় WCO ঘোষিত প্রতিপাদ্য অত্যন্ত সময়োপযোগী মর্মে আমি মনে করি।

আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণ এবং পণ্যের নিরাপদ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস আমদানি-রপ্তানি পণ্যের দ্রুত পরীক্ষণ, শুদ্ধায়ন ও খালাসের জন্য আধুনিক প্রযুক্তি নির্ভর নানা উদ্যোগ বাস্তবায়ন করেছে। এসব উদ্যোগের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ASYCUDA World System, Mandatory e- Payment System, Pre-arrival Processing, Non - Intrusive Inspection (NII), Radio Activity Detection, Post Clearance Audit এবং Advance Ruling ব্যবস্থা। অধিকতর বাণিজ্য সহজীকরণে বাংলাদেশ কাস্টমস National Single Window (NSW) এবং Bond Automation সহ বিভিন্ন প্রকল্প ও উদ্যোগ বাস্তবায়ন করেছে। WTO এর ট্রেড ফ্যাসিলিটেশন লক্ষ্য বাস্তবায়নে বাংলাদেশ কাস্টমস Authorized Economic Operator (AEO) প্রোগ্রাম চালু করেছে এবং এ প্রোগ্রামে কার্যকর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ কাস্টমস উন্নয়ন সহযোগীদের সাথে সুসম্পর্ক স্থাপনের মাধ্যমে বাণিজ্যিক বাধা দূরীকরণ ও বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরির মাধ্যমে সমৃদ্ধশালী বাংলাদেশ প্রতিষ্ঠার গুরুত্বপূর্ণ স্বপ্নসারথী হিসেবে দায়িত্ব পালনে সংকল্পবদ্ধ।

আমি "আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪" এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।


(হোসেন আহমদ)



Message from the
World Customs Organization
International Customs Day 2024

Embargo date:
26 January 2024, UTC 09:00

On 26 January each year, the Customs community comes together to celebrate International Customs Day. As we gather to commemorate this important occasion, I am filled with a profound sense of honour and anticipation in my first year as Secretary General. While this year's celebration is especially significant for me, its wider importance in part comes from it marking the launch of our new theme: "Customs Engaging Traditional and New Partners with Purpose".

This year, we are embarking on a path that challenges us to both reaffirm our longstanding partnerships and to boldly forge new alliances. Our world has changed dramatically over the last decade and continues to do so, presenting us with unprecedented challenges, including rapid technological advances, environmental and health crises, and complex geopolitical and economic dynamics. These conditions require that the global Customs community take a forward-thinking approach to its work and seek solutions that are not just based on its own knowledge and resources, but are supplemented by the support of stakeholders.

The theme for 2024 is a strategic call to action, urging us to broaden our perspectives, think creatively, and embrace innovative approaches. This is essential for Customs administrations to maintain their role in facilitating global trade and ensuring security in a rapidly evolving environment.

In 2024, we focus on deepening and enriching our established relationships to ensure they continue to be strong, relevant, and mutually beneficial. At the same time, we aim to actively seek and establish new connections with a wider range of stakeholders, including financial institutions, environmental organizations, NGOs, and academic institutions.

These new partnerships will infuse our efforts with fresh perspectives and innovative solutions. Our collaboration this year is about aligning all our partnerships with the overarching mission and values of our Customs

administrations. We aim to ensure they contribute meaningfully to our objectives of trade facilitation, border security, and the resilience of global supply chains.

Incorporating a broad spectrum of voices and perspectives into our strategies is also paramount. Doing so will ensure that our strategies are comprehensive and more resonant with the global community we serve.

WCO I OMD

We are also committed to continuously evaluating and refining our partnerships to maintain their effectiveness and relevance. Such a dynamic approach is vital in an ever-changing global landscape, and increases our ability to achieve meaningful results in line with our critical mission.

Lastly, as we think about the enablers of our engagement, we must look to the value of cutting-edge technologies and data analytics. These will enhance our understanding and engagement with partners, thereby increasing our responsiveness and effectiveness.

As we begin this year and take this day to reflect on our mission, our accomplishments, and our way forward, I hope that our efforts – as Customs and with partners – will advance us toward a safe, prosperous, and inclusive future.

I am deeply appreciative of your support and dedication to making International Customs Day a noteworthy occasion, and for promoting and acting upon our 2024 theme throughout the year.

I wish you a productive and engaging International Customs Day.

Ian Saunders

WCO Secretary General

26 January 2024

সম্পাদকীয়

১৯৫৩ সালে বেলজিয়ামের ব্রাসেলস-এ ‘কাস্টমস কো-অপারেশন কাউন্সিল’ এর উদ্বোধনী অধিবেশনকে স্বরণ করে প্রতিবছর ২৬ জানুয়ারি ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন (WCO) এর পৃষ্ঠপোষকতায় বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস পালন করা হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশেও আন্তর্জাতিক কাস্টমস দিবস আড়ম্বরের সাথে পালিত হয়ে আসছে। ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন (WCO) কর্তৃক এই বছর দিবসটির মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে Customs Engaging Traditional and New Partners with Purpose (মিলে নবীন-পুরনো অংশীজন, কাস্টমস করবে লক্ষ্য অর্জন)।

কাস্টমস একটি ঐতিহ্যবাহী আর্থিক কৌশল। আর এটি রাজস্ব আদায়ে সবচেয়ে পুরনো পদ্ধতি। তবে সময়ের সঙ্গে সঙ্গে কাস্টমসের ভূমিকা একদিকে যেমন পরিবর্তন হচ্ছে অন্যদিকে এর আঙ্গিকও ভিন্নমাত্রায় উপস্থাপন হচ্ছে। বাংলাদেশে রাজস্ব আদায়ের ক্ষেত্রে কাস্টমস গুরুত্বপূর্ণ অবদান রাখছে। শুধু তাই নয়, ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি করা, খাদ্যদ্রব্যসহ অনেক পণ্যের মান নিয়ন্ত্রণ পর্যবেক্ষণ করাসহ বিভিন্ন ইস্যুতেও এর অবদান রয়েছে। এর পাশাপাশি আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্যের সঙ্গে সম্পর্কিত বহুমাত্রিক আন্তর্জাতিক চুক্তি ও সম্মেলনের সিদ্ধান্ত পরিপালন করাও এখন কাস্টমসের দায়িত্ব। আর এ জন্যই আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপনের গুরুত্ব অনেক।

ব্যাপক উৎসাহ উদ্দীপনা এবং দেশব্যাপী প্রচার-প্রচারণার মাধ্যমে এবারের আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপিত হচ্ছে। দিবসটি উদযাপনের মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্যে সহায়তার মাধ্যমে দেশীয় বাণিজ্যের ব্যাপক প্রসারে তথা জাতীয় টেকসই উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ কাস্টমস এর গুরুত্ব ও তাৎপর্য প্রতিফলিত হয়।

আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপন উপলক্ষ্যে বিগত বছরগুলোর ন্যায় এবারও একটি স্বরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বরণিকাটিতে আন্তর্জাতিক বাণিজ্যে কাস্টমসের গুরুত্ব, অবদান ও কার্যক্রম ভিত্তিক তথ্যবহুল কিছু লেখা সংকলন করা হয়েছে, যা জ্ঞানপিপাসু পাঠককে কাস্টমস ও আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কে সম্যক ধারণা দিতে সক্ষম হবে। সম্পাদনা পর্যদ অকৃত্রিম কৃতজ্ঞতা প্রকাশ করছে তাঁদের প্রতি যারা কর্মব্যস্ততার মাঝেও মূল্যবান সময় ব্যয় করে নিজেদের লেখনীর মাধ্যমে স্বরণিকাটিকে সমৃদ্ধ করেছেন। উল্লেখ্য যে, স্বরণিকায় লেখকদের প্রদত্ত তথ্যাদি ও বক্তব্য তাঁদের একান্ত নিজস্ব মতামত হিসেবে বিবেচ্য। সংশ্লিষ্ট অংশীজনদেরকে কাস্টমস বিভাগের চলমান কার্যক্রম ও অভিষ্ট লক্ষ্য সম্পর্কে কিঞ্চিৎ ধারণা প্রদান করাটাই এ স্বরণিকার মূল স্বার্থকতা। আশাকরি আমাদের সার্বিক প্রয়াস পাঠকের সে প্রত্যাশা পূরণে সক্ষম হবে।

সম্পাদনা পর্যদ

মূল প্রবন্ধ বাংলাদেশ কাস্টমস: সমৃদ্ধ দেশ গঠনে গর্বিত অংশীদার	১৪
আমদানিকৃত পণ্য শুল্কায়নে বিনিময় মূল্যের বিধানাবলী মারগুব আহমদ	২৪
CONTAINING DIRTY MONEY: THE CHALLENGES AND WAY FORWARD A NORMATIVE DISSECTION OF INSTITUTIONAL CORRELATE S.M. Humayun Kabir	৩৭
EXTENSION OF BANGLADESH CUSTOMS-WATERS: IMPLICATIONS FOR CUSTOMS Mohammad Abu Yusuf	৭৮
PARTNERSHIP IN CUSTOMS (TRADITIONAL & NEW) Mirza Shahiduzzaman	৮৬
STRENGTHENING THE COMBAT AGAINST MONEY LAUNDERING: A COMPREHENSIVE APPROACH IN BANGLADESH Md Shamsul Arafin Khan	৯১
খুলনা কমিশনারেটের নবনির্মিত অবকাঠামোর অনবদ্য নির্মাণশৈলী সংকলনে: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা	৯৮
আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৪ এর প্রতিপাদ্য: প্রেক্ষিত কাস্টম হাউস, ঢাকা-এর সংস্কার উদ্যোগ সংকলনে: কাস্টম হাউস, ঢাকা	১০৮
NAVIGATING THE DIGITAL FRONTIER A COMPREHENSIVE ANALYSIS OF INDIRECT TAXATION IN BANGLADESH'S E-COMMERCE Tarek Mahmud	১১৪
SOP OF EXPEDITED SHIPMENT ON THE BASIS OF TRADE FACILITATION AGREEMENT (TFA) Sk Toriqul Islam	১৫২
GUARDIANS OF TRADE: DETECTIVE CHRONICLES FROM BENAPOLE CUSTOMS ON INTERNATIONAL CUSTOMS DAY 2024 Md. Foyjul Islam	১৫৬
WCO History in Brief (1952-2023)	১৫৯
কবিতা - শেখ রাসেলের স্মৃতি মোঃ মিজানুর রহমান	১৭৪
কবিতা - পারিনি তোমার হতে এসকে তরিকুল ইসলাম	১৭৫



আন্তর্জাতিক কাস্টমস দিবস

২০২৪

আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৪

মূল প্রবন্ধ

বাংলাদেশ কাস্টমস: সমৃদ্ধ দেশ গঠনে গর্বিত অংশীদার

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় একটি দক্ষ ও গতিশীল রাজস্ব প্রশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে রাষ্ট্রপতির ৭৬ নং আদেশের মাধ্যমে ১৯৭২ সালে জাতীয় রাজস্ব বোর্ড প্রতিষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে জাতীয় রাজস্ব বোর্ড ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে দেশের প্রয়োজনীয় রাজস্ব আহরণ করে একদিকে যেমন দেশের উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহে মুখ্য ভূমিকা পালন করছে, অন্যদিকে নিরবচ্ছিন্নভাবে দেশের শিল্পায়নে সহায়তা, কর্মসংস্থান সৃষ্টি, রপ্তানিমুখী প্রতিষ্ঠানকে উৎসাহিতকরণেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে।

আন্তর্জাতিক বাণিজ্যের প্রসার, বিনিয়োগ বৃদ্ধি, বাণিজ্য সহজীকরণ, ব্যবসা-বাণিজ্যের ঝুঁকি প্রশমন এবং পণ্যের সরবরাহ ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখার ক্ষেত্রে বিশ্বের প্রতিটি দেশে কাস্টমসের ভূমিকা অগ্রগণ্য। কাস্টমসের ভূমিকা ও কার্যক্রম সামগ্রিকভাবে যে কোন দেশের উন্নয়ন অগ্রযাত্রা এবং প্রবৃদ্ধি অর্জনের পথে গুরুত্বপূর্ণ নিয়ামক। এই ভূমিকায় কাস্টমস কর্তৃপক্ষকে বন্দর কর্তৃপক্ষ, কাস্টমস এজেন্ট, ব্যবসায়ী সংগঠন, আমদানি-রপ্তানি বাণিজ্যের সাথে সম্পর্কিত সরকারি দপ্তর এবং আন্তর্জাতিক সংস্থাসহ বিভিন্ন সরকারি-বেসরকারি নবীন-পুরনো নানা অংশীজনদের সাথে অংশীদারিত্বের সম্পর্ক প্রতিষ্ঠা করতে হয়। কাস্টমসের বহুবিচিত্র ও বহুমুখী কার্যসাধনের নিমিত্ত ও সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের অভিপ্রায়ে অংশীজনদের সাথে কার্যকর অংশদারিত্বমূলক সম্পর্কের গুরুত্ব অনুধাবন করে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন (WCO) ২০২৪ সালের আন্তর্জাতিক কাস্টমস দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে Customs Engaging Traditional and New Partners with Purpose অর্থাৎ “মিলে নবীন-পুরনো অংশীজন/কাস্টমস করবে লক্ষ্য অর্জন”। বাংলাদেশ কাস্টমস নবীন-পুরনো অংশীজনদের মধ্যে মেলবন্ধন স্থাপনের বিষয়টির গুরুত্বারোপ করে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ উদযাপন করছে।

২. World Customs Organization (WCO) ও আন্তর্জাতিক কাস্টমস দিবস

General Agreement on Tariffs and Trade (GATT) সংক্রান্ত নীতিমালা



বিশ্লেষণের লক্ষ্যে ১৯৪৭ সালে ১৩টি ইউরোপিয়ান দেশ কর্তৃক একটি স্টাডি গ্রুপ তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্তের আলোকে Customs Co-operation Council (CCC) গঠিত হয়। এর প্রথম আন্তর্জাতিক সভা ১৯৫৩ সালের ২৬ জানুয়ারি ব্রাসেলসে অনুষ্ঠিত হয়। এই সংস্থাটি ১৯৯৪ সালে World Customs Organization (WCO) নামে আত্মপ্রকাশ করে। Customs Co-operation Council এর প্রথম সভার দিনটিকে স্মরণীয় করে রাখার অভিপ্রায়ে ২০০৯ সাল হতে প্রতি বছর ২৬ জানুয়ারি বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপিত হচ্ছে। উল্লেখ্য ১৯৯৪ সাল হতে বাংলাদেশ WCO এর সক্রিয় সদস্য।

৩. কাস্টমস এর ভূমিকা

বাণিজ্য সহজীকরণের মাধ্যমে কাস্টমস আনুষ্ঠানিকতাসমূহ সহজতর করে দ্রুততম সময়ে পণ্য খালাসের মাধ্যমে বাণিজ্য ব্যয় হ্রাস করা এবং এর মাধ্যমে বাণিজ্য সম্প্রসারণ, রাজস্ব আহরণ বৃদ্ধি, শিল্পায়ন, বিনিয়োগ বৃদ্ধি এবং নতুন নতুন কর্মসংস্থান সৃজনের মাধ্যমে বাংলাদেশ কাস্টমস দেশের অর্থনৈতিক অগ্রগতিতে অতীব গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ কাস্টমস এর কতিপয় উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

ক) প্রচলিত কার্যক্রম

বাংলাদেশ কাস্টমস রাষ্ট্রীয় নিরাপত্তায় ঝুঁকি সৃষ্টিকারী পণ্যসমূহ যেমন-অস্ত্র, মাদকদ্রব্য, নকল মুদ্রা ইত্যাদি দেশের অভ্যন্তরে প্রবেশ রোধ করে। এটি দেশে অপরাধমূলক কর্মকান্ড নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা পালন করছে। মানি লন্ডারিং প্রতিরোধের মাধ্যমেও বাংলাদেশ কাস্টমস রাষ্ট্রীয় নিরাপত্তা ঝুঁকি প্রতিরোধে কাজ করে যাচ্ছে।

(i) দেশীয় শিল্পের বিকাশ

দেশীয় শিল্পের বিকাশে জাতীয় রাজস্ব বোর্ড অব্যাহতি বা রেয়াতি হারে কাঁচামাল ও মূলধনী যন্ত্রপাতি আমদানির সুবিধা প্রদান করে আসছে। দেশীয় শিল্পের সুরক্ষার জন্য জাতীয় রাজস্ব বোর্ড আমদানিকৃত পণ্যের বিপরীতে দেশীয় শিল্পসমূহকে প্রতিরক্ষণ (Tariff Protection) প্রদান করে থাকে।

(ii) বৈদেশিক বিনিয়োগে উৎসাহিতকরণ

জাতীয় রাজস্ব বোর্ড বিনিয়োগবান্ধব বিধি-বিধান প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে শিল্পখাতভিত্তিক বিনিয়োগ উৎসাহিত করছে। আমদানি-নির্ভরতা কমিয়ে দেশীয় পণ্য উৎপাদনে সক্ষমতা অর্জনে দেশি-বিদেশি নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে শুল্ক সুবিধাসহ প্রণোদনা প্রদান করা হচ্ছে। পাশাপাশি রপ্তানিমুখী শিল্প স্থাপন ও পরিচালনার ক্ষেত্রেও বিবিধ ট্যারিফ সুবিধা ও কর ছাড় প্রদান করা হয়েছে।



আন্তর্জাতিক কাস্টমস দিবস

২০২৪

(iii) রপ্তানি উন্নয়ন ও নিবিষ্করণ

কাস্টমস বন্ডেড ওয়ারহাউস ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে দেশের গার্মেন্টস ও চামড়া শিল্পের বিকাশ ও সংশ্লিষ্ট পণ্য রপ্তানিতে জাতীয় রাজস্ব বোর্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আমদানি পর্যায়ে পরিশোধিত শুদ্ধ ফেরত প্রদানের ক্ষেত্রে ডিউটি ড্র-ব্যাক সুবিধার মাধ্যমে নন-বন্ডেড প্রতিষ্ঠানকে সুবিধা প্রদান করা হয়ে থাকে। রপ্তানি পণ্যের কায়িক পরীক্ষা ও শুদ্ধায়ন অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন করার মাধ্যমে দ্রুত জাহাজীকরণ নিশ্চিত করা হচ্ছে।

খ) বাণিজ্য সহজীকরণঃ

(i) বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট (TFA) এর বাস্তবায়নে আমদানিকৃত পণ্যচালান দ্রুত খালাস প্রদানের জন্য বাংলাদেশের কাস্টমস ব্যবস্থাকে অনেকাংশেই অটোমেটেড করা হয়েছে। সরকারী অন্যান্য সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে পণ্যচালানের কায়িক পরীক্ষা ও শুদ্ধায়ন দ্রুততর করা হয়েছে। এর ফলে দেশে পণ্যের সাপ্লাই-চেইন নিরবচ্ছিন্ন রাখা সম্ভব হচ্ছে।

(ii) Time Release Study (TRS) পরিচালনা

বিভিন্ন পর্যায়ে পণ্য চালান খালাসের ব্যয়িত সময়ের পরিমাণ জানার জন্য World Customs Organization (WCO) এর তত্ত্বাবধানে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আমদানি-রপ্তানি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনদের (stakeholders) অংশগ্রহণে Time Release Study (TRS)-২০২২ পরিচালনা করা হয়েছে। এই প্রতিবেদনটি WCO এবং NBR এর Website এ প্রদর্শিত হয়েছে। উক্ত স্টাডিতে প্রাপ্ত ফলাফল অনুসারে পণ্যচালান খালাসে ব্যয়িত সময় আরো হ্রাসের জন্য সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

(iii) Authorized Economic Operator (AEO)

Authorized Economic Operator (AEO) ব্যবস্থার আওতায় উন্নত প্রযুক্তি ব্যবহারকারী, উন্নত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা (Internal Control System) এবং অতীত রেকর্ডে প্রমাণিত আইন পরিপালনকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য পণ্য আমদানি-রপ্তানিতে দ্রুততম কাস্টমস সেবা প্রদান নিশ্চিত করা হয়েছে। বর্তমানে ১৫ (পনেরো)টি প্রতিষ্ঠান AEO সুবিধাপ্রাপ্ত হয়েছে। আরও অধিক সংখ্যক প্রতিষ্ঠানকে এ সুবিধা প্রদানের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন আছে।

(iv) পণ্যচালানের Pre-Arrival Processing ব্যবস্থা চালু

আমদানি-রপ্তানি পণ্যচালান বন্দরে পৌঁছার পূর্বেই যাবতীয় আনুষ্ঠানিকতা পরিপালন করে পণ্যচালান বন্দর হতে খালাস প্রদানের লক্ষ্যে Pre-Arrival Processing (PAP) ব্যবস্থা চালু



করা হয়েছে। IGM ইলেকট্রনিক্যালি দাখিল-এর সুবিধা PAP এর অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। এতে পণ্যচালান বন্দরে আসার পূর্বেই আমদানিকারক বিল অব এন্ট্রি দাখিলপূর্বক শুদ্ধ-কর পরিশোধ করতে পারছেন এবং পণ্যচালান বন্দরে আসা মাত্রই খালাস নিতে পারছেন। সম্প্রতি সম্পাদিত Time Release Study (TRS) এর ফলাফলে দেখা যায় যে Pre-Arrival Processing ব্যবস্থায় খালাসকৃত পণ্যচালানের ক্ষেত্রে স্বাভাবিক পণ্যচালানের চেয়ে গড়ে প্রায় অর্ধেক সময় কম ব্যয় হচ্ছে।

গ) বাংলাদেশ কাস্টমসের আধুনিকায়ন

২০৪১ সালের উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠায় বাংলাদেশ কাস্টমস নানামুখী সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করছে। জাতীয় রাজস্ব বোর্ড Customs Modernization Strategic Action Plan 2019-2022 বাস্তবায়ন এবং ৪র্থ Customs Modernization Strategic Action Plan প্রণয়নে কাজ করছে। এ সকল সংস্কার কর্মসূচীর মূল লক্ষ্য আধুনিকায়নের মাধ্যমে সেবা প্রদান, কাস্টমসের সক্ষমতা বৃদ্ধি এবং বাণিজ্য সহজীকরণ নিশ্চিত করা। নিম্নে বাংলাদেশ কাস্টমসের আধুনিকায়নের কিছু উল্লেখযোগ্য কার্যক্রম উপস্থাপন করা হলোঃ

(i) কাস্টমস কম্পিউটার সিস্টেম (ASYCUDA World) এর উন্নয়ন

নব্বই দশকের শুরুতে ASYCUDA (Automated System for Customs Data) সিস্টেম দ্বারা বাংলাদেশ কাস্টমসের ডিজিটাইজেশনের সূচনা হয়। প্রথমে LAN- ভিত্তিক ASYCUDA এবং পরবর্তীতে ASYCUDA++ সিস্টেম চালুর মাধ্যমে ডিজিটাল তথ্যভান্ডারের ভিত্তি রচিত হয়। সর্বশেষ ২০১৩ সালে অনলাইন ভিত্তিক ASYCUDA World সিস্টেম চালু করা হয়েছে। বর্তমানে সবগুলো কাস্টম হাউস এবং প্রায় সকল ল্যান্ড কাস্টমস স্টেশনে এ ব্যবস্থা চালু করা হয়েছে। ASYCUDA সিস্টেম সংশ্লিষ্ট কতিপয় তথ্য বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়, EPB, BEPZA, CCI&E, Tariff Commission, পরিসংখ্যান ব্যুরো ইত্যাদি প্রতিষ্ঠানকে অনলাইনে প্রদান করা হয়ে থাকে। ই-এলসি, ই-এক্সপি ও ই-পেমেন্টসহ কতিপয় সুবিধা চালু হয়েছে এবং এর মাধ্যমে আমদানিকৃত পণ্যচালানের শুদ্ধায়ন ও খালাস ত্বরান্বিত হচ্ছে।

(ii) National Single Window

২০১৯ সাল হতে জাতীয় রাজস্ব বোর্ড Bangladesh National Single Window (NSW) প্রকল্প বাস্তবায়ন শুরু করেছে। ২০২৫ সালে এ প্রকল্পের কাজ শেষ হবে। এ প্রকল্পের আওতায় আমদানি রপ্তানি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সরকারের অন্যান্য দপ্তর কর্তৃক প্রদত্ত সনদ/অনাপত্তিপত্র একটি Single Platform এ পাওয়া যাবে। প্রকল্পটি বাস্তবায়নে ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে ৩৯ টি সংস্থার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ইতোমধ্যে NSW এর Software development এর কার্যক্রম শুরু হয়েছে। সংস্থাগুলোর মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান প্রদান করে আমদানি-রপ্তানি পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর



আন্তর্জাতিক কাস্টমস দিবস

২০২৪

করা এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। আধুনিক ও প্রযুক্তি-নির্ভর NSW প্রকল্পটি পূর্ণাঙ্গরূপে বাস্তবায়িত হলে বাণিজ্যের গতি বাড়বে এবং ব্যবসা পরিচালন ব্যয় উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে মর্মে আশা করা যায়। পাশাপাশি Paperless trade বাস্তবায়নে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে বিবেচিত হবে।

(iii) নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (Non Intrusive Inspection)

পণ্যচালান স্ক্যানিং ও ইমেজ বিশ্লেষণের মাধ্যমে কায়িক পরীক্ষণ ব্যতিরেকে দ্রুততর সময়ে পণ্য খালাসের লক্ষ্যে গুরুত্বপূর্ণ কাস্টম হাউস ও এলসি স্টেশনে বর্তমানে ১১ টি কন্টেইনার স্ক্যানার, ২২ টি ব্যাগেজ স্ক্যানার এবং ১ টি হিউম্যান বডি স্ক্যানার কার্যকর আছে। আরো ০৬ টি নতুন কন্টেইনার স্ক্যানার বিভিন্ন কাস্টমস স্টেশনে সংস্থাপনের কাজ বর্তমানে চলমান আছে।

(iv) কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা

কাস্টমস বিভাগের কাজের ব্যাপ্তি বহুগুণে বৃদ্ধি পেলেও আধুনিক যুগোপযোগী সেবা প্রদানের লক্ষ্যে আরো বেশি জনবল ও পরিসম্পদ প্রয়োজন। ফলে সীমিত জনবল ও সম্পদের সর্বোত্তম ব্যবহার করে ঝুঁকি ব্যবস্থাপনা বাস্তবায়নের মাধ্যমে পণ্য চালান দ্রুত ছাড়করণের উদ্যোগ নেওয়া হয়েছে। আইন ও বিধি সংস্কারের পাশাপাশি জাতীয় রাজস্ব বোর্ড একটি স্বতন্ত্র ঝুঁকি ব্যবস্থাপনা কমিশনারেট গঠন করেছে। স্বয়ংক্রিয় সফটওয়্যার ডেভেলপমেন্ট এর কাজ ইতোমধ্যে শুরু হয়েছে।

(v) পণ্যচালান খালাসোত্তর নিরীক্ষা (Post Clearance Audit)

WTO Trade Facilitation Agreement (TFA) এর শর্তানুসারে Post Clearance Audit (PCA) ব্যবস্থাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে PCA ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। প্রতিটি কাস্টম হাউসে গঠন করা হয়েছে স্বতন্ত্র PCA ইউনিট। কার্যকর PCA ব্যবস্থা বাস্তবায়িত হলে এর মাধ্যমে অধিক সংখ্যক পণ্য চালান দ্রুত খালাস দেয়া সম্ভব হবে।

(vi) বাধ্যতামূলক ইলেকট্রনিক পেমেন্ট

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১ জানুয়ারি ২০২২ থেকে পরিমাণ নির্বিশেষে ইলেকট্রনিক পদ্ধতিতে শুদ্ধ-কর পরিশোধ বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে শুদ্ধ-কর পরিশোধ পদ্ধতি আরো সহজ হয়েছে, সময় কম ব্যয় হচ্ছে, জালিয়াতি প্রতিরোধ করা গেছে এবং প্রায় শতভাগ ক্ষেত্রে ইলেকট্রনিক পদ্ধতিতে শুদ্ধ-কর পরিশোধ করা হচ্ছে।

(vii) Advance Ruling

বাণিজ্য সহজীকরণের অংশ হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড পণ্যের শ্রেণিবিন্যাস সংক্রান্ত অগ্রিম রুলিং পদ্ধতি চালু করেছে। এর ফলে কোন পণ্য আমদানির পূর্বেই আমদানিকারকগণ বা নতুন উদ্যোক্তাগণ পণ্যের HS Code সম্পর্কে নিশ্চিত হতে পারছেন। প্রদত্ত অ্যাডভান্স রুলিং জাতীয়



রাজস্ব বোর্ডের Website (bangladeshcustoms.gov.bd) এ প্রদর্শিত হচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ কাস্টমস এর ওয়েবসাইট এ সংক্রান্ত প্রয়োজনীয় ফরম ডাউনলোড করে অনলাইনেই আবেদন করা যায়।

(viii) E-auction কার্যক্রম চালু

কাস্টমস নিলাম প্রক্রিয়া সহজীকরণ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ইতোমধ্যে কাস্টম হাউস চট্টগ্রাম, কাস্টম হাউস বেনাপোল ও কাস্টম হাউস মোংলায় E-auction কার্যক্রম চালু করেছে। এর ফলে স্বল্প সময়ে সৃষ্টভাবে অধিক সংখ্যক ক্রেতার অংশগ্রহণের মাধ্যমে নিলাম কার্যক্রম স্বচ্ছভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

(ix) অবকাঠামো উন্নয়ন

উন্নত কাস্টমস সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ কাস্টমস স্টেশনসমূহের অবকাঠামো উন্নয়নের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সহায়তায় অনেকগুলো উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পসমূহের উদ্দেশ্য হলো বাণিজ্যিক ব্যয় হ্রাসকরণ; বাণিজ্য সম্প্রসারণমূলক শুল্ক ব্যবস্থা বাস্তবায়ন এবং রূপকল্প-২০৪১ এর আলোকে বাণিজ্য নীতি বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি করা; সাংগঠনিক কাঠামোর উন্নয়ন এবং বাংলাদেশ কাস্টমস এর মানবসম্পদ, আর্থিক এবং অবকাঠামোগত সক্ষমতা বৃদ্ধি করার মাধ্যমে সকল পর্যায়ে কাস্টমস প্রশাসনের সক্ষমতা বৃদ্ধি করা; এবং যথাযথ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে কাস্টমস পরিষেবার কার্যকারিতা এবং স্বচ্ছতা বৃদ্ধি করা। উল্লেখযোগ্য প্রধান প্রকল্প সমূহের মধ্যে Customs Modernization & Infrastructure Development Project (CMID), যা বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় প্রায় ১৬৮৬ কোটি টাকা ব্যয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম ও কাস্টমস একাডেমির আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়নে এপ্রিল ২০২৩ এ বাস্তবায়ন শুরু হয়েছে। আশা করা যায় মার্চ ২০২৭ এর মধ্যে শেষ হবে। এছাড়াও Asian Development Bank (ADB) এর সহায়তায় ঢাকায় সেন্ট্রাল কাস্টমস ল্যাবরেটরি, সেন্ট্রাল কাস্টমস ওয়ারহাউস, রিজিওনাল কাস্টমস ট্রেনিং একাডেমি ও ০৩ টি ল্যান্ড কাস্টমস স্টেশন এর অবকাঠামো নির্মাণের/উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(x) কাস্টমস বন্ড ব্যবস্থার আধুনিকীকরণ

কাস্টমস বন্ডের আওতায় আনীত পণ্যচালান দ্রুত খালাস প্রদান এবং বন্ড ব্যবস্থাপনা আধুনিকায়নের জন্য বন্ড অটোমেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে বন্ড ব্যবস্থাপনার সামগ্রিক কর্মপদ্ধতিতে অনেক বেশী স্বচ্ছতা প্রতিষ্ঠিত হবে। পাশাপাশি বন্ড ব্যবস্থাপনার অপব্যবহার রোধ ও সরকারি রাজস্ব সুরক্ষার পাশাপাশি দেশীয় শিল্পের সুরক্ষা নিশ্চিত হবে। এই প্রকল্পের আওতায় ইতোমধ্যে online ডিজিটাল লাইসেন্সিং মডিউল কার্যকর করা হয়েছে এবং অন্যান্য মডিউল পাইলটিং এর মাধ্যমে শীঘ্রই কার্যকর করা হবে।



ঘ) পরিবর্তিত ভূমিকাঃ

পরিবর্তনশীল বিশ্বব্যবস্থায় কাস্টমস এর ভূমিকা প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। মোকাবেলা করতে হচ্ছে নতুন চ্যালেঞ্জ। প্রস্তুত হচ্ছে নতুন আঙ্গিকে। এ উদ্দেশ্যে বাংলাদেশ কাস্টমস বর্তমানে নিম্নলিখিত বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করছে:

(i) জনস্বাস্থ্য সুরক্ষা

মেধাস্বত্ব আইন (IPR) এর বাস্তবায়নসহ কাস্টমস জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ পণ্যসামগ্রী যেমন- ভেজাল ও নিম্নমানের খাদ্যদ্রব্য জাতীয় নিরাপত্তার জন্য চ্যালেঞ্জ। বিদ্যমান আইন ও বিধি অনুযায়ী যে সকল পণ্য বাংলাদেশে আমদানিযোগ্য সেই সকল পণ্যের বাইরে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর বা সামাজিকভাবে অনভিপ্রেত পণ্যচালান আমদানি করা হলে কাস্টমস কর্তৃপক্ষ তা প্রতিহত করে থাকে।

(ii) আন্তর্জাতিক বাণিজ্যে দেশীয় অবস্থান সুসংহতকরণ ও স্বার্থ রক্ষা

আন্তর্জাতিক বাণিজ্যে কাস্টমস সংক্রান্ত জটিলতা নিরসন এবং বাণিজ্য সহজীকরণের মাধ্যমে বাংলাদেশের অবস্থান সুসংহতকরণার্থে জাতীয় রাজস্ব বোর্ড বিভিন্ন দেশের সাথে Customs Mutual Administrative Assistance (CMAA) বিষয়ক চুক্তি স্বাক্ষরের পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে সৌদি আরব, জাপান এবং তুরস্কের সাথে এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে। কাতার এবং মেক্সিকোর সাথে চুক্তিটি স্বাক্ষরের অপেক্ষায় রয়েছে। কাস্টমস সম্পর্কিত পারস্পরিক বিষয় নিষ্পত্তির জন্য নেপাল, ভুটান এবং ভারতের সঙ্গে জয়েন্ট ফ্রপ অব কাস্টমস নামীয় ফোরাম বিদ্যমান রয়েছে। আগামী ২০২৬ সালে স্বপ্নোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে এ ধরনের চুক্তি ভারত, চীন, থাইল্যান্ডসহ আরও বেশ কয়েকটি দেশের সাথে স্বাক্ষরের কার্যক্রম চলমান আছে। তাছাড়া, বিভিন্ন দেশ ও সংস্থার সাথে বাণিজ্য, বিনিয়োগ এবং ট্রানজিট-ট্রানশিপমেন্ট বিষয়ক আলোচনা, চুক্তি নেগোসিয়েশন এবং চুক্তি বাস্তবায়নে জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস সংশ্লিষ্ট বিষয়ে দেশের স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

(iii) LDC Graduation এ বাংলাদেশ কাস্টমস

স্বপ্নোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের সাথে সাথে বাংলাদেশী পণ্য রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান শুল্ক (Tariff) সুবিধা হ্রাস পাবে। এজন্য সরকার কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ নানা দেশের সাথে প্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি (PTA, FTA) স্বাক্ষরের পদক্ষেপ নিয়েছে। এর ফলে রপ্তানি বাজারে বাংলাদেশ যেমন নির্দিষ্ট পণ্যে শুল্ক সুবিধা পাবে, তদ্রূপ সুবিধা অন্য দেশের ক্ষেত্রেও বাংলাদেশকে প্রদান করতে হবে। সেক্ষেত্রে বাংলাদেশের কাস্টমস রাজস্ব উল্লেখযোগ্য হারে হ্রাস পাওয়ার সম্ভাবনা রয়েছে। এ কারণে রাজস্ব সুরক্ষার বিষয়টি বিবেচনায় রেখে জাতীয় রাজস্ব বোর্ড আমদানি পণ্যের উপর বিদ্যমান ট্যারিফ যৌক্তিকীকরণ (Tariff rationalization) এর উদ্যোগ গ্রহণ করেছে। একই সাথে দেশীয় শিল্পের বিকাশ, রপ্তানি পণ্যের বহুমুখীকরণ এবং স্থানীয় শিল্পের সক্ষমতা বৃদ্ধিকল্পে জাতীয় রাজস্ব বোর্ড যথাযথ রাজস্ব নীতি প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা



পালন করে আসছে।

৪। আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ এর মূল প্রতিপাদ্যের আলোকে বাংলাদেশ কাস্টমস

৪.১। ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন (ডব্লিউসিও) কর্তৃক আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৪ এর মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে- Customs Engaging Traditional and New Partners with Purpose অর্থাৎ “মিলে নবীন-পুরনো অংশীজন/কাস্টমস করবে লক্ষ্য অর্জন”। বাংলাদেশ কাস্টমস ইতোমধ্যে চিরাচরিত অংশীজনদের সঙ্গে সময়ের চাহিদা বিবেচনায় আধুনিক ও বহুমুখী ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠানের সঙ্গে কার্যকর অংশীদারিত্বমূলক (Partnership) সম্পর্ক গড়ে তুলেছে। ঐতিহ্যগতভাবে পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশ কাস্টমস বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, কাস্টমস ক্লয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্ট বা কাস্টমস ব্রোকার, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট, বিভিন্ন ধরনের লাইসেন্সিং কর্তৃপক্ষ, নানা প্রকার সার্টিফিকেট প্রদানকারী সরকারি কর্তৃপক্ষ, বিভিন্ন উন্নয়ন সহযোগী, আমদানিকারক ও রপ্তানিকারকসহ অন্যান্য দপ্তর, সংস্থা ও কর্তৃপক্ষের সঙ্গে সম্পর্ক স্থাপনের মাধ্যমে আমদানি-রপ্তানি বাণিজ্য সম্পাদন, রাজস্ব আহরণ এবং নিরাপত্তা ঝুঁকি প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে।

৪.২। আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণে বাংলাদেশ কাস্টমস পুরনো অংশীদারদের সাথে সময়ের চাহিদা অনুযায়ী সম্পর্ক আরো মজবুত করেছে। এক্ষেত্রে অটোমেশনের প্রতি গুরুত্ব দেয়া হয়েছে। আমদানি-রপ্তানি প্রক্রিয়ায় জড়িত সরকারি সংস্থা, যারা বিভিন্ন ধরনের লাইসেন্স, পারমিট ও সার্টিফিকেট ইস্যু করে, তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে, যাতে একটি একক প্ল্যাটফর্মে পণ্য খালাসের জন্য প্রয়োজনীয় ছাড়পত্র দাখিল করা যায়। এই একক প্ল্যাটফর্মের নাম দেয়া হয়েছে বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো এবং বিশ্ব ব্যাংকের সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। বাংলাদেশ কাস্টমস উন্নয়ন সহযোগী সংস্থা হিসেবে বিশ্বব্যাংকের সাথেও অংশীদারিত্বমূলক সম্পর্ক নবায়ন করেছে। কাস্টমসের আধুনিকায়নে বিশ্বব্যাংক এবং বাংলাদেশ কাস্টমস যৌথভাবে কাজ করছে। অনুকূপভাবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা), ইউএসএআইডিসহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বাংলাদেশ কাস্টমস অংশীদারিত্বের সম্পর্ক আরো দৃঢ় করেছে। নিজস্ব সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ব্যবসায় বাণিজ্যে সহায়ক ভূমিকা পালনের পাশাপাশি সরকারের ব্যয় নির্বাহকল্পে কাস্টমস বিভাগ অব্যাহতভাবে অভ্যন্তরীণ সম্পদ যোগান দিয়ে যাচ্ছে। অথরাইজড ইকোনমিক অপারেটর কর্মসূচীর মাধ্যমে উত্তম চর্চা অনুসরণ ও পরিপালন রেকর্ডধারী তালিকাভুক্ত আমদানি ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি কার্যক্রম মসৃণ ও দ্রুততর সময়ের মধ্যে পণ্য খালাসের সুবিধা প্রদান করা হচ্ছে। এর মধ্য দিয়ে এ ধরণের ব্যবসায়ী প্রতিষ্ঠানের সঙ্গে কাস্টমসের অংশীদারিত্বমূলক নতুন সম্পর্ক প্রতিষ্ঠিত হয়েছে। ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন প্রণীত বিভিন্ন রকম স্ট্যান্ডার্ড অনুসরণ



আন্তর্জাতিক কাস্টমস দিবস

২০২৪

প্রচেষ্টার মাধ্যমে বাংলাদেশ কাস্টমসের কর্মকর্তাগণ বিভিন্ন ভূমিকায় অতীতের চেয়ে অনেক বেশি সংখ্যায় অংশগ্রহণ করছে। ফলশ্রুতিতে আন্তর্জাতিক এ সংস্থার সাথে বাংলাদেশ কাস্টমসের সম্পর্ক অতীতের যে কোন সময়ের চেয়ে ঘনিষ্ঠ হয়েছে। ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন (WTO) প্রণীত ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট বাংলাদেশ অনুস্বাক্ষর করেছে এবং এ চুক্তির বিভিন্ন বিধান (measures) বাস্তবায়নে বাংলাদেশ কাস্টমস অগ্রণী ভূমিকা পালন করছে। ফলে WTO এর সাথে বাংলাদেশ কাস্টমসের অংশীদারিত্বমূলক সম্পর্ক অধিকতর শক্তিশালী হয়েছে।

৪.৩। বিশ্বব্যাপী আন্তর্জাতিক বাণিজ্যের পরিমাণ বহুগুণ বৃদ্ধির পাশাপাশি বাণিজ্যের ধরণ প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে এবং এ পরিবর্তনের সাথে সামঞ্জস্য বজায় রেখে কাস্টমসের নীতি ও পদ্ধতির আধুনিকায়ন করতে হয়েছে। এছাড়া, বাণিজ্যের আড়ালে মুদ্রা পাচার, সস্তাসী কর্মকাণ্ডে অর্থায়ন, মাদক ও অস্ত্রের চোরাচালান, বিপন্ন উদ্ভিদ ও প্রাণী চোরাচালান, মানব পাচার ইত্যাদি অপরাধ নিয়ন্ত্রণ ও দমনে কাস্টমসের ভূমিকা অনেক বৃদ্ধি পেয়েছে। পরিবর্তিত পরিস্থিতিতে আন্তর্জাতিক অঙ্গনে কাস্টমসের ভূমিকা যেমন পরিবর্তিত হয়েছে, তেমনি বাংলাদেশ কাস্টমসের ভূমিকাতেও সে পরিবর্তনের প্রভাব স্পষ্টরূপে দৃশ্যমান। পরিবর্তিত ভূমিকা পালন করতে গিয়ে বাংলাদেশ কাস্টমসকে তাই নতুন নতুন বৈচিত্র্যপূর্ণ অংশীজনদের সঙ্গে নিজের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হয়েছে। যেমন, অর্থপাচার প্রতিরোধকল্পে বাংলাদেশ কাস্টমসকে কেন্দ্রীয় ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি), ইন্টারপোল ও দুর্নীতি দমন কমিশন এর সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলতে হয়েছে। একইভাবে, বিপন্ন উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণের লক্ষ্যে গৃহীত The convention on International Trade in Endangered Species of Wild Fauna and Flora (CITES) চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে The World Conservation Union (IUCN) এর সঙ্গে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়সহ বাংলাদেশ কাস্টমসের অংশীদারিত্ব সৃষ্টি হয়েছে। অনুরূপ আন্তঃসীমান্ত বাণিজ্য সংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি ও কনভেনশন বাস্তবায়নার্থে বাংলাদেশ কাস্টমস বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও সরকারের বিভিন্ন দপ্তরের সাথে নতুন নতুন অংশীদারিত্ব রক্ষা করে চলেছে।

আন্তর্জাতিক কাস্টমসের সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ কাস্টমস বিভিন্ন গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার দেশ ও সংস্থার সাথে পারস্পরিক তথ্য বিনিময় ও সহযোগিতার উদ্দেশ্যে আন্তর্জাতিক অঙ্গনে নতুন নতুন অংশীদারিত্ব সৃষ্টি করে চলেছে। তছাড়া, বিভিন্ন দেশের সাথে স্বাক্ষরিত অগ্রধিকারমূলক বাণিজ্য চুক্তি আলোচনা ও বাস্তবায়নে বাংলাদেশ কাস্টমস সরকারের গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে নিজ ভূমিকা পালন করে চলেছে। স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে রূপান্তরের পরিক্রমায় বাংলাদেশ কাস্টমস ট্যারিফ যৌক্তিকীকরণ ও অন্যান্য প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এ লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সঙ্গে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগীসহ বাণিজ্য অংশীদার দেশের সাথে নতুন রূপে কার্যকর অংশীদারিত্ব গড়ে তুলেছে।



৫. উপসংহার

জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG), ২০২৬ সালের মধ্যে স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশ হিসাবে যাত্রা, ২০৩১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে রূপান্তর, ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্য অর্জন করতে হলে সরকারের অন্যান্য দপ্তর ও সংস্থার সাথে রাজস্ব প্রশাসন, বিশেষত বাংলাদেশ কাস্টমসের সমন্বয়যোগ্য সংস্কার ও আধুনিকায়ন অতীব জরুরি। প্রথাগত অংশীজন ও সময়ের প্রয়োজনে সৃষ্ট নতুন অংশীজনের সঙ্গে তাল মিলিয়ে ব্যবসায় সহায়তাকরণ ও বিনিয়োগ বান্ধব স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজনীয় উন্নয়ন, প্রশিক্ষিত ও দক্ষ জনবলের সংস্থান, উন্নত প্রযুক্তিসম্পন্ন যন্ত্রপাতি ক্রয়সহ যুগোপযোগী কাস্টমসের প্রয়োজনে প্রয়োজনীয় উন্নয়ন কর্মসূচী গ্রহণ সময়ের দাবী। এর মাধ্যমে বহুমুখী অংশীজনের সাথে অংশগ্রহণমূলক কাস্টমস ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে, যা প্রকারান্তরে একবিংশ শতকের উপযোগী আধুনিক স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখতে বাংলাদেশ কাস্টমসকে সক্ষম করে তুলবে।



আন্তর্জাতিক কাস্টমস দিবস
২০২৪



আমদানিকৃত পণ্য শুল্কায়নে বিনিময় মূল্যের বিধানাবলী

মারগুব আহমদ

সদস্য (অবসরপ্রাপ্ত)

জাতীয় রাজস্ব বোর্ড

কাস্টমস কর্তৃপক্ষের প্রধান দায়িত্ব হলো ব্যবসা বান্ধব পরিবেশে সরকারের ন্যায্য রাজস্ব আদায়। একইসাথে সকলের প্রতি সম আচরণের (Level Playing Field) মাধ্যমে দেশীয় শিল্পের বিকাশকে ত্বরান্বিত করাসহ পণ্যের বাজার মূল্য নিয়ন্ত্রণে সহায়তা করা। অন্যদিকে বিদেশ থেকে অস্বাস্থ্যকর, পরিবেশ হানিকর এবং রাষ্ট্রের নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কোনো পণ্য আমদানি না হয় তা নিশ্চিত করাও কাস্টমস কর্তৃপক্ষের দায়িত্ব। বর্তমানে শুল্ক-কর হার হ্রাস (Tariff) পাওয়ার ফলে এবং উন্মুক্ত বাজার ব্যবস্থা ও বিশ্বায়নের প্রেক্ষাপটে পণ্যের অবাদ প্রবেশ ও বাণিজ্য বৃদ্ধির ফলে কাস্টমস বিভাগের গুরুত্ব অতীতের তুলনায় আরো বহুগুণে বৃদ্ধি পেয়েছে।

যথাযথ রাজস্ব আদায়ে কাস্টমস বিভাগকে ব্যাপক ও বহুমুখী চাপ সহ্য করতে হয়। বহুদিনের কর সংস্কৃতির অভাবে আমাদের দেশে স্বেচ্ছায় আইন-কানুন মানার প্রবণতা খুবই কম। ফলে কাস্টমস কর্তৃপক্ষকে রাজস্ব সুরক্ষার জন্য প্রায়শ ব্যাপকভাবে চালানোর দলিলাদি ও পণ্যের কায়িক পরীক্ষা করতে হয়। অন্যদিকে, বাণিজ্য উদারীকরণের ফলে এবং প্রতিযোগিতামূলক



বিশ্বে টিকে থাকার জন্য আমদানিকারকগণ দ্রুত পণ্য খালাস নিতে প্রবলভাবে ইচ্ছুক। এই দুই বিপরীতমুখী প্রবণতার কারণে অনেক ক্ষেত্রে অব্যক্তি পরিবেশের সৃষ্টি হয়।

পণ্যের শুদ্ধায়নে যথাযথ মূল্য নির্ধারণ (Assessable Value) অপরিহার্য। কেননা আমাদের দেশে প্রায় অধিকাংশ পণ্যের ক্ষেত্রে মূল্যের উপর (Ad Valorem) শুদ্ধ আদায় করা হয়। এই মূল্য নিয়ে কাস্টমস কর্তৃপক্ষ এবং আমদানিকারকের মধ্যে দ্বন্দ্ব দীর্ঘকালের। প্রথমে বাংলাদেশে পণ্য-মূল্য নির্ধারণে BDV (Brussels Definition of Value) ব্যবহার করা হতো। কিন্তু পরবর্তীতে বাণিজ্য বৃদ্ধির ফলে এবং বর্তমান বিশ্বের বাস্তবতাকে স্বীকার করে ২০০০ সালে বাংলাদেশ GATT প্রবর্তিত বিনিময় মূল্য (Transaction Value) গ্রহণ করে।

শুদ্ধায়ন কার্যক্রমে চিরাচরিত ব্রাসেলস মূল্য থেকে GATT ভ্যালুয়েশন ব্যবস্থায় উত্তরণের মধ্য দিয়ে শুদ্ধ মূল্যায়নে বিরাট পরিবর্তন সাধিত হয়েছে। GATT ভ্যালুয়েশন ব্যবস্থা পূর্বের ব্রাসেলস ভ্যালুয়েশন এর চেয়ে অধিকতর স্বচ্ছ এবং গ্রহণযোগ্য বলে স্বীকৃত। ভ্যালুয়েশন বা মূল্যায়নের ধারণা মৌলিকভাবে এক বস্তুর সঙ্গে অন্য বস্তুর উৎকর্ষের তুলনা থেকে রচিত হয়। প্রাচীনকালে মূল্যায়ন করা হতো বাটার বা এক পণ্যের বিনিময়ে অন্য কোনো পণ্য প্রদানের মাধ্যমে। প্রাচীন পণ্য বিনিময় বাণিজ্য অচল হয়ে গেলে তখন মুদ্রা দিয়ে মূল্যের পরিমাপ করা শুরু হয়। কিন্তু পণ্যের আর্থিক মূল্য বা দাম নিরন্তর, প্রতিনিয়ত পরিবর্তনশীল।

কাস্টমস কর্তৃপক্ষের প্রধান দায়িত্ব হলো ব্যবসা বান্ধব পরিবেশে সরকারের ন্যায্য রাজস্ব আদায়। একইসাথে সকলের প্রতি সম আচরণের (Level Playing Field) মাধ্যমে দেশীয় শিল্পের বিকাশকে ত্বরান্বিত করাসহ পণ্যের বাজার মূল্য নিয়ন্ত্রণে সহায়তা করা, অন্যদিকে বিদেশ থেকে অস্বাস্থ্যকর, পরিবেশ হানিকর এবং রাষ্ট্রের নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কোনো পণ্য আমদানি না হয় তা নিশ্চিত করাও কাস্টমস কর্তৃপক্ষের দায়িত্ব। বর্তমানে শুদ্ধ-কর হার হ্রাস (Tariff) পাওয়ার ফলে এবং উন্মুক্ত বাজার ব্যবস্থা ও বিশ্বায়নের প্রেক্ষাপটে পণ্যের অবাধ প্রবেশ ও বাণিজ্য বৃদ্ধির ফলে কাস্টমস বিভাগের গুরুত্ব অতীতের তুলনায় আরো বহুগুণে বৃদ্ধি পেয়েছে।

যথাযথ রাজস্ব আদায়ে কাস্টমস বিভাগকে ব্যাপক ও বহুমুখী চাপ সহ্য করতে হয়। বহুদিনের কর সংস্কৃতির অভাবে আমাদের দেশে স্বেচ্ছায় আইন-কানুন মানার প্রবণতা খুবই কম। ফলে কাস্টমস কর্তৃপক্ষকে রাজস্ব সুরক্ষার জন্য প্রায়শ ব্যাপকভাবে চালানোর দলিলাদি ও পণ্যের কায়িক পরীক্ষা করতে হয়। অন্যদিকে, বাণিজ্য উদারীকরণের ফলে এবং প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার জন্য আমদানিকারকগণ দ্রুত পণ্য খালাস নিতে প্রবলভাবে ইচ্ছুক। এই দুই বিপরীতমুখী প্রবণতার কারণে অনেক ক্ষেত্রে অব্যক্তি পরিবেশের সৃষ্টি হয়।

পণ্যের শুদ্ধায়নে যথাযথ মূল্য নির্ধারণ (Assessable Value) অপরিহার্য। কেননা আমাদের দেশে প্রায় অধিকাংশ পণ্যের ক্ষেত্রে মূল্যের উপর (Ad Valorem) শুদ্ধ আদায় করা হয়। এই



আন্তর্জাতিক কাস্টমস দিবস

২০২৪

মূল্য নিয়ে কাস্টমস কর্তৃপক্ষ এবং আমদানিকারকের মধ্যে দ্বন্দ্ব দীর্ঘকালের। প্রথমে বাংলাদেশে পণ্য-মূল্য নির্ধারণে BDV (Brussels Definition of Value) ব্যবহার করা হতো। কিন্তু পরবর্তীতে বাণিজ্য বৃদ্ধির ফলে এবং বর্তমান বিশ্বের বাস্তবতাকে স্বীকার করে ২০০০ সালে বাংলাদেশ GATT প্রবর্তিত বিনিময় মূল্য (Transaction Value) গ্রহণ করে।

শুল্কায়ন কার্যক্রমে চিরাচরিত ব্রাসেলস মূল্য থেকে GATT ভ্যালুয়েশন ব্যবস্থায় উত্তরণের মধ্য দিয়ে শুল্ক মূল্যায়নে বিরাট পরিবর্তন সাধিত হয়েছে। GATT ভ্যালুয়েশন ব্যবস্থা পূর্বের ব্রাসেলস ভ্যালুয়েশন এর চেয়ে অধিকতর স্বচ্ছ এবং গ্রহণযোগ্য বলে স্বীকৃত। ভ্যালুয়েশন বা মূল্যায়নের ধারণা মৌলিকভাবে এক বস্তুর সঙ্গে অন্য বস্তুর উৎকর্ষের তুলনা থেকে রচিত হয়। প্রাচীনকালে মূল্যায়ন করা হতো বাটার বা এক পণ্যের বিনিময়ে অন্য কোনো পণ্য প্রদানের মাধ্যমে। প্রাচীন পণ্য বিনিময় বাণিজ্য অচল হয়ে গেলে তখন মুদ্রা দিয়ে মূল্যের পরিমাপ করা শুরু হয়। কিন্তু পণ্যের আর্থিক মূল্য বা দাম নিরন্তর, প্রতিনিয়ত পরিবর্তনশীল। কাস্টমস শুল্ক আরোপের জন্য যে মূল্যায়ন করা হয় তা সাধারণত বাণিজ্যিক মূল্যায়ন থেকে ভিন্নতর। এই ক্ষেত্রে ক্রেতা ও বিক্রেতার সাথে অন্য সত্তা হিসেবে জড়িয়ে পড়ে – কাস্টমস কর্তৃপক্ষ। কাস্টমস কর্তৃপক্ষকে একই মানদণ্ডে সমস্ত লেনদেনের প্রতি লক্ষ্য রাখতে হয় যাতে তা ন্যায্যনিষ্ঠ এবং সরকারী রাজস্বের স্বার্থ সংরক্ষিত হয়।

কোনো পণ্যের মূল্যমানে টাকার অঙ্কে একটি দ্রব্য/পণ্যের দাম কত হতে পারে তা হিসাব করে নির্ণয় করা। এটা পণ্য কিংবা বাণিজ্যিক পণ্যের মূল্য/দাম হিসাব করে বের করার একটি পদ্ধতি যা একটি বস্তুকে অন্যটির সাপেক্ষে মূল্য নিরূপণ করার সাথে জড়িত থাকে।

মূল্যের সংশোধিত সংজ্ঞা (Amended Definition of Value):

শুল্ক আইন, ১৯৬৯ এর ২৫ ধারার অধীনে মূল্যের সংজ্ঞাকে অর্থ আইন (Finance Act), ১৯৯৭ দ্বারা পরিবর্তন করা হয়।

সংশোধিত শুল্ক আইনের ২৫ ধারায় বলা আছে- যে কোনো আমদানি অথবা রপ্তানিকৃত পণ্যের মূল্য অবশ্যই নির্ধারিত হতে হবে। এরূপ মূল্য/দরে যাতে এই পণ্য অথবা এ ধরণের পণ্য স্বাভাবিকভাবে বিক্রয় করা হয় অথবা বিক্রয়ের জন্য রাখা হয় অথবা আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে আমদানি বা রপ্তানি করার জন্য কোনো নির্ধারিত সময় ও স্থানে পণ্য সরবরাহ করা হয়। তাছাড়া ক্রেতা ও বিক্রেতার ব্যবসায় কোনো স্বার্থ থাকে না অথবা একে অপরের এবং মূল্য/দরই বিক্রয়ের অথবা বিক্রয়ের জন্য রাখা এর একমাত্র বিবেচ্য বিষয় এবং আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে মূল্য নিরূপণে যেভাবে নীতি প্রণীত আছে সেভাবেই ধরতে হবে।



ট্রানজেকশন এর সংশোধিত সংজ্ঞা (Transaction Value Define):

GATT-১৯৯৪ অনুসারে প্রকৃত মূল্য (Actual Value) এমনই একটি মূল্য, যাতে আইন কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে আমদানিকৃত পণ্য অথবা বাণিজ্যিক পণ্য বিক্রয় করা হয় অথবা বিক্রয়ের জন্য উন্মুক্ত করে রাখা হয় এবং তা সংগঠিত হয় পুরোপুরি প্রতিযোগিতামূলক বাণিজ্যিক কার্যক্রমে।

অন্য কথায়, প্রকৃত মূল্যই বিনিময় মূল্য যা চুক্তিতে (Agreement) সংজ্ঞায়িত হয়েছে। প্রকৃত পক্ষে যে মূল্য/দরে পণ্য আমদানিকারক দেশে রপ্তানির জন্য পরিশোধিত হয়েছে অথবা পরিশোধযোগ্য অর্থাৎ ক্রেতার নিকট প্রকৃতপক্ষে পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্যই হলো বিক্রয়ের শর্তসাপেক্ষে মোট পরিশোধিত অথবা পরিশোধ করা হবে এমন মোট মূল্য। ৩য় পক্ষের নিকট ক্রেতা কর্তৃক আমদানিকৃত পণ্য বিক্রয় করা যা বিক্রেতার স্বার্থ বহন করে। পরিশোধ টাকার অঙ্কে হতে হবে এমন নয়। এটা LC (Letter of Credit) অথবা আলোচনা সাপেক্ষে দলিলের মাধ্যমে হতে পারে এবং প্রত্যক্ষ পরোক্ষ যে কোনোভাবে হতে পারে। এভাবে ট্রানজেকশন মূল্যকে শুদ্ধ মূল্য হিসাবে বিবেচনা করা যায়- যা প্রকৃত পক্ষে পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্যের ভিত্তি হতে পারে এবং ক্রেতা কর্তৃক বাহিত খরচ ও সরবরাহকৃত সেবাকে সমন্বয় করা যেতে পারে। গতানুগতিক আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে ক্রেতা-বিক্রেতা উভয়ের একে অপরের ব্যবসায়িক স্বার্থ থাকে না।

নিম্নের শর্তপূরণ সাপেক্ষে আমদানিকৃত পণ্যের ট্রানজেকশন মূল্য গ্রহণ করা যাবেঃ

- (ক) ক্রেতা কর্তৃক পণ্য ব্যবহারের কোনো বাধা থাকতে পারবে না। তবে সরকারি কর্তৃপক্ষ পণ্যকে ভৌগোলিক সীমানায় পুনঃবিক্রয়ের জন্য সীমিত করতে পারে।
- (খ) উক্ত পণ্যের বিক্রয় বা মূল্য নির্ধারণ এমন কোনো পণ্য বা শর্তের সাপেক্ষে হবে না যার জন্য উক্ত পণ্যের মূল্য নির্ধারণ সম্ভব না হয়।
- (গ) পরবর্তী পুনঃবিক্রয়ের কোনো অর্জিত মুনাফার অংশ; ক্রেতা কর্তৃক পণ্য ব্যবহার অথবা অধীনে রাখা, প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে স্বাভাবিক বৃদ্ধি হিসাবে বিক্রেতার নিকট থাকতে পারবে না, যদি না ব্যয় (Cost) এবং সেবা (Service) সঠিকভাবে নিরূপণ করা হয়।
